# বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি

Bangladesh Class-III Govt. Employee's Association

(একটি অরাজনৈতিক শ্রেণী ভিত্তিক পেশাজীবি সংগঠন)

## ঢাকা মহানগর কমিটি

নং- তারিখ ঃ

## সভার কার্যবিবরণী

অদ্য ১ সেপ্টেম্বর'২০১২ রোজ শনিবার বিকাল ৩.৩০ ঘটিকায় বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি, ঢাকা মহানগর কমিটির ১ম সভা কেন্দ্রীয় ঔষধাগার কর্মচারী সমিতির কার্যালয়, সহীদ তাজউদ্দিন আহম্মদ স্মরণী(সাত রাস্তার মোড়), তেজগাঁও, ঢাকায় অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি, ঢাকা মহানগর কমিটির সভাপতি জনাব মোঃ আব্দুল মান্নান হাজারভী। সভাপতি সাধারণ সম্পাদক জনাব মোঃ রমিজ উদ্দিন মাঝিকে সভা পরিচালনার দায়িত্ব প্রদান করেন। তদানুযায়ী সাধারণ সম্পাদক সভা পরিচালনার দায়িত্ব পালন করেন।

পবিত্র কোরআন থেকে তেলোয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়। পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন কেন্দ্রীয় ঔষধাগার জামে মসজিদের ইমাম হাফেজ জনাব মোঃ সফিকুল ইসলাম।

সভার আলোচ্য সূচী ঃ (ক) কার্যকরী পরিষদের নেতৃবৃন্দের পরিচিতি, (খ) ঢাকা মহানগরে অবস্থিত সরকারী অফিস সমূহের তৃতীয় শ্রেণী কর্মচারীবৃন্দকে বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতির অন্তর্ভূক্তি করার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা, (গ) ঢাকা মহানগর কমিটিকে সাংগঠনিকভাবে শক্তিশালী করার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ও (ঘ) বিবিধ।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত নেতৃবৃন্দকে ফুল দিয়ে শূভেচ্ছা ও অভিনন্দন জানান। আলোচ্য সূচী ভিত্তিক বক্তব্য উপস্থাপন করার জন্য সাধারণ সম্পাদক জনাব মোঃ রমিজ উদ্দিন মাঝি উপস্থিত নেতৃবৃন্দকে আহ্বান করেন। সভাপতি স্বাগত বক্তব্যে উপস্থিত নেতৃবৃন্দকে যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। বিগত ২টি মহানগর কমিটির কার্যক্রম সম্পর্কে আলোকপাত, পর্যালোচনা ও বিশ্লেষন করেন। পূর্ববর্তী কমিটির ন্যায় বর্তমান মহানগর কমিটি যাতে ব্যর্থতার বোঝা বহন না করতে হয় সেই লক্ষ্যে কাজ করার জন্য সকলকে অনুরোধ জানান। আগামী ডিসেম্বর'২০১২ তারিখের মধ্যে ঢাকা মহানগরীতে অবস্থিত সকল সরকারী দপ্তরে কর্মরত তৃতীয় শ্রেণী কর্মচারীগণকে বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতিতে সম্পৃক্ত করার কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার লক্ষ্যে মহানগর কমিটিকে কাজ করার জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা ঘোষণা করেন। এই লক্ষ্যে করণীয় সম্পর্কে বক্তব্য ও পরামর্শ প্রদানের জন্য উপস্থিত নেতৃবৃন্দকে আহ্বান জানান। আলোচ্য সূচী ভিত্তিক বক্তব্য উপস্থাপন করেন সমিতির সম্মানিত নির্বাহী সদস্য সর্বজনাব মোঃ হাবিবুর রহমান, মোঃ আজিজুল ইসলাম, শেখ নুর ইমাম, মোঃ সামসুল আজম, মোঃ ইস্কান্দার আলী খান, আবাসন সম্পাদক জনাব মোঃ ইমামুল হক, প্রচার সম্পাদক জনাব মোঃ মনির হোসেন, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক জনাব মোঃ জাফরুল ইসলাম, দপ্তর সম্পাদক জনাব মোঃ আশরাফুল ইসলাম, অর্থ সম্পাদক জনাব মোঃ মাহাবুব হক তালুকদার, সাংগঠনিক সম্পাদক সর্বজনাব শেখ নাজমুল ইসলাম শাহীন, মোঃ বিলাল হোসাইন, মোঃ আবুল কাশেম মিয়া, মোঃ মারুফ সারোয়ার, যুগ্ম-সাধারণ সম্পাদক সর্বজনাব মোঃ আব্দুর রহিম, মোঃ শফিউল বাসার, মোঃ আহসান উলাহ তুহিন, মোঃ খোরশেদ আলম, মোঃ জুলফিকার হায়দার, সহ-সভাপতি সর্বজনাব মোঃ নূরুল আহসান, মোঃ সাইদুর রহমান, মোঃ খতিবুর রহমান, মোঃ নজরুল ইসলাম, মোঃ হারুনার রশিদ, মোঃ ওবায়দুল হক, মোঃ মিজানুর রহমান খান, আবুল কালাম আজাদ, মাহমুদুল হক, কার্যকরী সভাপতি জনাব মোঃ হারুন উর রশীদ ও সমিতির সাধারণ সম্পাদক জনাব মোঃ রমিজ উদ্দিন মাঝি প্রমুখ।

সভায় উপরোক্ত বক্তাগণ বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি এবং ঢাকা মহানগর কমিটিকে শক্তিশালী সংগঠন হিসেবে গড়ে তোলার লক্ষ্যে নিম্নে বর্ণিত প্রস্তাবনা পেশ করেন।

(০১) সভাপতির ঘোষণা অনুযায়ী সমিতিকে শক্তিশালী সংগঠনে রূপান্তরিত করার লক্ষ্যে মহানগর কমিটির সকলকে নিজ নিজ কর্মস্থল ও তার এলাকায় অবস্থিত সকল সরকারী দপ্তর সমূহে কর্মরত তৃতীয় শ্রেণী কর্মচারীদের সহিত যোগাযোগ রক্ষা ও সমিতির কার্যক্রম সম্পর্কে অবহিত করা।

(০২) সেপ্টেম্বর'২০১২ তারিখের মধ্যে ১১টি অঞ্চলে মিটিং করা ও আঞ্চলিক কমিটি গঠনের পদক্ষেপ গ্রহণ করা এবং অন্তত একটি মিটিং এর ব্যবস্থা করা।

(০৩) প্রতি মাসে কমপক্ষে মহানগর কমিটির ১টি করে সভা করা।

(০৪) ঢাকা মহানগর কমিটিকে শক্তিশালী সংগঠনে দাড় করানোর লক্ষ্যে মহানগর কমিটির সাংগঠনিক সম্পাদকগণ পৃথক সভায় মিলিত হয়ে পরিল্পনা গ্রহণ করা।

(০৫) অঞ্চল ভিত্তিক কর্মপরিকল্পনা করা।

(০৬) ঢাকা মহানগর কমিটির কার্যক্রম পরিচালনার নিমিত্তে আর্থিক চাহিদা মিটানোর জন্য কমিটির সদস্যদের থেকে নিয়মসিদ্ধভাবে মাসিক/এককালীন চাঁদা সংগ্রহ করা এবং মহানগর কমিটিকে আর্থিকভাবে স্বচ্ছল ও স্বাবলম্বী করা।

(০৭) মহানগর কমিটির কার্যক্রম সাধারণ তৃতীয় শ্রেণীর কর্মচারীদের মধ্যে প্রচারের জন্য ইলেকট্রনিক্স ও প্রিন্ট মিডিয়ার সাথে যোগাযোগ করে প্রচারের ব্যবস্থা করা।

(০৮) অর্থ, প্রচার, ক্রীড়া ও সংস্কৃতি উপ-কমিটি গঠনের প্রস্তাব করা হয়।

(০৯) মহানগর কমিটির সদস্যদের মধ্যে কেন্দ্রীয় কমিটির গঠনতন্ত্র ও সমিতির বিভিন্ন দাবী নামার কপি বিতরণ করা।

(১০) মহানগর কমিহিটর শূন্য পদ সমূহে মনোনয়ন প্রদানে কেনিপকে অনুরোধ করা।

চলমান পাতা-২

(১১) মহানগর কমিটি গঠনের জন্য কেন্দ্রীয় কমিটিকে ধন্যবাদ জ্ঞাপন।

(১২) কেন্দ্রীয় কমিটির দাবী নামার প্রতি মহানগর কমিটির পক্ষ থেকে সমর্থন করার প্রস্তাব করা হয়।

(১৩) মহানগর কমিটির সভাপতি প্রস্তাব করেন যে, সাধারণ সভা ও বিশেষ সভা সমূহ ব্যতীত কার্যকরী পরিষদের পরবর্তী সভা সমূহে পর্যায়ক্রমে কার্যকরী সভাপতি ও সহ-সভাপতিগণ সভাপতির উপস্থিতিতে সভার সভাপতিত্ব করবেন।

অনুরূপভাবে সাধারণ সম্পাদকের উপস্থিতিতে যুগ্ম-সাধারণ সম্পাদকগণ পর্যায়ক্রমে সভা পরিচালনা এবং সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করা ও কার্যবিবরণী প্রস্তুতকালে সাধারণ সম্পাদককে সাহায্য করণের প্রস্তাব করেন।

(১৪) সমিতির অন্যতম সহ-সভাপতি জনাব মোঃ নজরুল ইসলাম, জনাব এ, বি, এম, মাজহারুল ইসলাম, অফিস সুপারিনটেনডেন্ট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকাকে মহানগর কমিটিতে অন্তর্ভূক্ত করার প্রস্তাব করেন এবং সহ-সভাপতি জনাব আবুল কালাম আজাদ, জনাব মোঃ জাহাঙ্গীর আলম, রিপোডাকশন টেকনিশিয়ান, সার্ভে অব বাংলাদেশকে মহানগর কমিটির যে কোন একটি শূন্য পদে মনোনয়ন করার জন্য প্রস্তাব করেন।

(১৫) কার্যকরী সভাপতি জনাব মোঃ হারুন উর রশীদ কেন্দ্রীয় ঔষধাগার কর্মচারী সমিতির অফিস কক্ষকে মহানগর কমিটির অস্থায়ী কার্যালয় হিসাবে ব্যবহারের প্রস্তাব প্রদান করেন এবং সহ-সভাপতি জনাব মোঃ ওবায়দুল হক জিপিও-এর কর্মচারী সমিতির অফিস কক্ষে নিয়মিত সভা করার জন্য প্রস্তাব প্রদান করেন।

(১৬) মহানগর কমিটির মুখপাত্র হিসেবে কেন্দ্রীয় কমিটির সংগে সকল প্রকার যোগাযোগ রক্ষা করার জন্য মহানগর কমিটির সাধারণ সম্পাদক জনাব মোঃ রমিজ উদ্দিন মাঝিকে দায়িত্ব প্রদানের প্রস্তাব করা হয়।

(১৭) মহানগর কমিটির সকল নেতৃবৃন্দকে নিজ নিজ নামে নিজ খরচে কমিটি প্রচারের নিমিত্তে ভিজিটিং কার্ড ও সীল বানোনোর প্রস্তাব করেন।

সভায় নেতৃবৃন্দের বিষয় ভিত্তিক ও গঠনমূলক আলোচনা ও পরামর্শ পর্যালোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ-

## গৃহীত সিদ্ধান্তাবলী ঃ

(০১) অদ্যকার সভায় মহানগর কমিটি গঠনের জন্য বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতির কেন্দ্রীয় নির্বাহী পরিষদকে সর্বসম্মতিক্রমে ধন্যবাদ জ্ঞাপন করছে।

(০২) সভাপতি কর্তৃক ঘোষিত আগামী ৩১ ডিসেম্বর'২০১২ এর মধ্যে ঢাকা মহানগরীতে অবস্থিত সকল সরকারী দপ্তর সমূহে তৃতীয় শ্রেণীর কর্মচারীদেরকে বাংলাদেশ তৃতীয় শ্রেণী সমিতির প্রতি আস্থা, সমর্থন আদায়ের লক্ষ্যে কাজ করার জন্য এই সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয় এবং ডিসেম্বর'২০১২ এর মধ্যে সাধারণ সভা করারও সিদ্ধান্ত গৃহীত হয়।

(০৩) এখন পর্যন্ত যে সকল অঞ্চলে পূর্ণাঙ্গ আঞ্চলিক কমিটি গঠন করা হয়নি, সে সকল অঞ্চলগুলোতে আগামী ২৮/০৯/২০১২ তারিখের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(০৪) কার্যকরী সভাপতির প্রস্তাব অনুযায়ী কেন্দ্রীয় ঔষধাগার কর্মচারী সমিতির অফিসকে ঢাকা মহানগর কমিটির অস্থায়ী কার্যালয় হিসেবে ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয় এবং মহানগর কমিটির সহ-সভাপতি, জনাব মোঃ ওবায়দুল হক সাহেবের প্রস্তাবকে উপস্থিত নেতৃবৃন্দ স্বাগত জানান। মাঝে মাঝে জিপিও কর্মচারী সমিতির কার্যালয় ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়।

(০৫) ঢাকা মহানগর কমিটির সকল সদস্যকে নিজ খরচে স্ব স্ব নামে মহানগর কমিটির পদ উল্লেখ পূর্বক সীল ও ভিজিটিং কার্ড বানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

(০৬) মহানগর কমিটিকে আর্থিকভাবে স্বচ্ছল ও স্বাবলম্বী করার নিমিত্তে নিয়মসিদ্ধভাবে সকল সদস্যগণের নিকট হতে নির্ধারিত হারে বিশেষ চাঁদা/মাসিক চাঁদা সংগ্রহের জন্য নিম্ন বর্ণিত সদস্যদের সমন্বয়ে একটি অর্থ উপ-কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**অর্থ উপ-কমিটি ঃ**

আহ্বায়ক ঃ কার্যকরী সভাপতি, ঢাকা মহানগর কমিটি।
সদস্য ঃ সকল সহ-সভাপতি, ঢাকা মহানগর কমিটি।
সদস্য সচিব ঃ অর্থ সম্পাদক, ঢাকা মহানগর কমিটি।।

(০৭) বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি ও মহানগর কমিটির সকল কার্যক্রম সাধারণ তৃতীয় শ্রেণীর কর্মচারীদের মধ্যে সুষ্ঠুভাবে প্রচারের লক্ষ্যে ও প্রচার মিডিয়ার সাথে যোগাযোগের নিমিত্তে নিম্নে বর্ণিত ব্যক্তিবর্গের সমন্বয়ে একটি প্রচার উপ-কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

**প্রচার উপ-কমিটি ঃ**

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম | সাংগঠনিক পদবী | উপ-কমিটির পদবী |
|---|---|---|---|
| ১ | জনাব মাহমুদুল হক | সহ-সভাপতি | আহ্বায়ক |
| ২ | জনাব মোঃ মনির হোসেন | প্রচার সম্পাদক | সদস্য সচিব |
| ৩ | জনাব চৌধুরী লুৎফর রহমান | নির্বাহী সদস্য | সদস্য |
| ৪ | জনাব শেখ নূর ইমাম | নির্বাহী সদস্য | সদস্য |
| ৫ | জনাব মোঃ খায়ের হোসেন | নির্বাহী সদস্য | সদস্য |
| ৬ | জনাব মোঃ সাইদুর রহমান | নির্বাহী সদস্য | সদস্য |
| ৭ | জনাব মোঃ আক্তার উদ্দিন | নির্বাহী সদস্য | সদস্য |

চলমান পাতা-৩

(০৮) ঢাকা মহানগরীর তৃতীয় শ্রেণীর কর্মচারীদেরকে বাৎসরিক আন্তঃ ও বহিঃ ক্রীড়া, বিশেষ বিশেষ দিবসগুলোতে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন ও বাৎসরিক বনভোজনসহ বিনোদনের কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে বর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে ক্রীড়া ও সাংস্কৃতিক উপ-কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

ক্রীড়া ও সাংস্কৃতিক উপ-কমিটি ঃ

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম | সাংগঠনিক পদবী | উপ-কমিটির পদবী |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আবুল কালাম আজাদ | সহ-সভাপতি | আহ্বায়ক |
| ২ | জনাব মোঃ জাফরুল ইসলাম | ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক | সদস্য সচিব |
| ৩ | জনাব মোঃ ইস্কান্দার আলী খান | নির্বাহী সদস্য | সদস্য |
| ৪ | জনাব মোঃ সামসুল আজম | নির্বাহী সদস্য | সদস্য |
| ৫ | জনাব মোঃ হাবিবুর রহমান | নির্বাহী সদস্য | সদস্য |
| ৬ | জনাব আবুল কালাম | নির্বাহী সদস্য | সদস্য |
| ৭ | জনাব মোঃ আজিজুল ইসলাম | নির্বাহী সদস্য | সদস্য |

উপদেষ্টাঃ জনাব মোঃ হারুন উর রশীদ, কার্যকরী সভাপতি।

(০৯) মহানগর কমিটির সকল সদস্যের প্রস্তাবের আলোকে সেপ্টেম্বর'২০১২ মাসে ৫০০/- টাকা এবং পরবর্তী মাস হতে ১০০/- টাকা হারে চাঁদা প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(১০) মহানগর অর্থ উপ-কমিটি কর্তৃক আদায়কৃত অর্থ সংরক্ষণের নিমিত্তে নিম্ন বর্ণিত তিন কর্মকর্তাগণের সমন্বয়ে যে কোন ব্যাংকে একটি যৌথ সঞ্চয়ী হিসাব খোলার সিদ্ধান্ত গৃহীত হয়।

(ক) অর্থ উপ-কমিটির আহ্বায়ক।
(খ) মহানগর কমিটির সাধারণ সম্পাদক।
(গ) মহানগর কমিটির অর্থ সম্পাদক।

অবশেষে সভাপতি উপস্থিত সকলকে সভার কার্যক্রমে সহযোগিতা প্রদান ও ধৈর্য্য সহকারে সভায় উপস্থিত থেকে মূল্যবান মতামত প্রদান এবং কার্যকরী সভাপতি জনাব মোঃ হারুন উর রশীদ উপস্থিত নেতৃবৃন্দকে আপ্যায়ন করায় তাঁকে ধন্যবাদ জানিয়ে সকলের সুস্বাস্থ্য কামনা করতঃ সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আব্দুল মান্নান হাজারভী)
সভাপতি
০১৯১১-২৫৫৭৭০
তারিখ ঃ

নং-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

০১। সভাপতি/মহা-সচিব, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি ।
০২। জনাব/জনাব.................................................................................... ঢাকা মহানগর কমিটি, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি।
০৩। সভাপতি/সাধারণ সম্পাদক/আহ্বায়ক/সদস্য-সচিব, আঞ্চলিক কমিটি, (অঞ্চল নং..........) বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারী কর্মচারী সমিতি।
০৪। জনাব/জনাবা ....................................................................................
০৫। অফিস কপি।

(মোঃ রমিজ উদ্দিন মাঝি)
সাধারণ সম্পাদক
০১৫৫২-৪০১৮৯৩
০১৭১২-৩০৭৮৭৩